মেহেরপুরে কনস্টেবল নিয়োগের শারীরিক সক্ষমতা যাচাইয়ের কার্যক্রম সম্পন্ন

মেহেরপুরে ট্রেইনি রিক্রুট কনস্টেবল (টিআরসি) পদে নিয়োগের প্রাথমিক বাছাইয়ের তৃতীয় দিনের কার্যক্রম সম্পন্ন হয়েছে।

শনিবার (২১ নভেম্বর) সকাল ৮টা থেকে মেহেরপুর পুলিশ লাইন্স মাঠে প্রার্থীদের শারীরিক সক্ষমতা যাচাইয়ের (পিইটি) বিভিন্ন ইভেন্ট অনুষ্ঠিত হয়।

এদিন প্রার্থীদের ১ হাজার ৬০০ ও ১ হাজার মিটার দৌড়, ড্রাগিং এবং রোপ ক্লাইম্বিং ইভেন্ট নেওয়া হয়। এসব ইভেন্টে উত্তীর্ণ প্রার্থীদের নিয়োগসংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র সংরক্ষণ করা হয়। পাশাপাশি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য ফেস ডিটেকশন ক্যামেরার মাধ্যমে সফটওয়্যারে প্রার্থীদের তথ্য সংরক্ষণ করা হয়। উত্তীর্ণ প্রত্যেক প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতার প্রবেশপত্রের এক কপি দেওয়া হয়।

নিয়োগ কার্যক্রমে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলার নিয়োগ বোর্ডের সভাপতি ও পুলিশ সুপার আলী হায়দার চৌধুরী। এ সময় তিনি প্রার্থীদের লিখিত পরীক্ষার বিষয়ে বিভিন্ন দিকনির্দেশনা দেন। পাশাপাশি সতর্কতার সঙ্গে অনলাইনে লিখিত পরীক্ষার ফি জমা দেওয়ার নির্দেশনা দেন। কোনো প্রকার প্রতারক বা দালাল চক্রের খপ্পরে না পড়তে প্রার্থীদের পাশাপাশি তাঁদের পরিবারের সদস্যদেরও সতর্ক থাকার আহ্বান জানান তিনি।

এ ছাড়া পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা থেকে মনোনীত প্রতিনিধি পুলিশ সুপার মোহাম্মদ মোবারক হোসেন, বিপিএম-সেবা (এস্টেট অ্যান্ড ডেভেলপমেন্ট), এসবি, ঢাকা; নিয়োগ বোর্ডের সদস্য অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস) মিথুন সরকার, সাতক্ষীরা এবং অতিরিক্ত পুলিশ সুপার (ডিএসবি) মো. সাখাওয়াত হোসেন, যশোরসহ নিয়োগ কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট পুলিশ কর্মকর্তা ও সদস্যরা উপস্থিত ছিলেন।

নিয়োগ কার্যক্রমে সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানিয়ে তৃতীয় দিনের